

২০২১

ষষ্ঠ সেমেস্টার

বাংলা — সাধারণ

পত্র : DSE-B-2

(লোকসংস্কৃতি ও লোকসাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) লোকসাহিত্যের সঙ্গে তথাকথিত শিষ্ট সাহিত্যের পার্থক্যগুলি সংক্ষেপে আলোচনা করো। ১০
অথবা,
(খ) পুণ্ড্রপুকুর ব্রতের পরিচয় দাও। ১০
- ২। (ক) ছড়ার পাঠান্তরের কারণগুলি লেখো। ১০
অথবা,
(খ) লোকনৃত্যের সংজ্ঞা দাও। ছৌ-নৃত্যের বৈশিষ্ট্য আলোচনা করো। ১০
- ৩। (ক) প্রবাদে রূপকের বহুল ব্যবহার বিষয়ে আলোচনা করো। ১০
অথবা,
(খ) পশুকথার বৈশিষ্ট্য পর্যালোচনা করো। ১০
- ৪। (ক) বাক্কেন্দ্রিক লোকসংস্কৃতির পাঁচটি বৈশিষ্ট্য লেখো। ৫
অথবা,
(খ) লোকসাহিত্য চর্চায় টাইপ ও মোটিফ পদ্ধতির প্রাসঙ্গিকতা সংক্ষেপে লেখো। ৫
- ৫। (ক) গম্ভীরা নৃত্যের বৈশিষ্ট্য পর্যালোচনা করো। ৫
অথবা,
(খ) উদাহরণসহ ধাঁধার শ্রেণিবিভাগ করো। ৫

Please Turn Over

৬। (ক) প্রবাদ ও প্রবাদমূলক বাক্যাংশের পার্থক্য দৃষ্টান্তসহ দেখাও।

৫

অথবা,

(খ) ভাটিয়ালি গানের নামকরণ নিয়ে 'নানা মুনির নানা মত' — এই বিতর্কের সংক্ষিপ্ত পর্যালোচনা করো।

৫

৭। টীকা লেখো (যে-কোনো একটি)।

৫×১

(ক) সোঁজুতি

(খ) রায়বেঁশে

(গ) নীতিকথা।

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর লেখো।

১×১৫

(ক) লোকসাহিত্যে 'লোক' শব্দের অর্থ কী?

(খ) 'ফোকলোর' শব্দটি কত খ্রিস্টাব্দে প্রস্তাবিত হয়?

(গ) 'ফোকলোর'-এর বাংলা প্রতিশব্দ 'লোকশ্রুতি' কে প্রস্তাব করেন?

(ঘ) ব্রত পালনের মুখ্য উদ্দেশ্য কী?

(ঙ) টাইপ মোটিফ পদ্ধতি বিষয়ক স্টিফ্ থমসনের বইটির নাম কী?

(চ) গম্ভীরা নাচের মূল বিষয় কী?

(ছ) 'রায়বেঁশে' শব্দের অর্থ কী?

(জ) পুরুলিয়া ছাড়া ছৌ-নাচ হয় এমন একটি জায়গার নাম লেখো।

(ঝ) ধাঁধা শব্দের আভিধানিক অর্থ কী?

(ঞ) ধাঁধা ও ছড়ার একটি পার্থক্য লেখো।

(ট) নরনারী বিষয়ক একটি ধাঁধার উল্লেখ করো।

(ঠ) 'ভাওয়াইয়া' শব্দের ব্যুৎপত্তি নির্দেশ করো।

(ড) প্রথম বাংলা প্রবাদের সংকলন কে প্রকাশ করেন?

(ঢ) প্রবচন কাকে বলে?

(ণ) রূপকথার একটি বৈশিষ্ট্য লেখো।